

বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৬০৫

পর্ব - ৪০ঃ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ যাকাত অস্বীকারকারীর বিধান

আরবী

وَعَنْ بَهْزِ بْنِ حَكِيمٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ - صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «فِي كُلِّ سَائِمَةٍ إِبْلٍ: فِي أَرْبَعِينَ بَنْتُ لَبُونٍ، لَا تُفَرَّقُ إِبْلٌ عَنْ حِسَابِهَا، مَنْ أَعْطَاهَا مُؤْتَجِرًا بِهَا فَلَهُ أَجْرُهُ، وَمَنْ مَتَعَهَا فَإِنَّا أَخْذُوهَا وَشَطَرْ مَالِهِ، عَزْمَةً مِنْ عَزَمَاتِ رَبِّنَا، لَا يَحِلُّ لِأَلِّ مُحَمَّدٍ مِنْهَا شَيْءٌ». رَوَاهُ أَحْمَدُ، وَأَبُو دَاؤِدَ، وَالنَّسَائِيُّ، وَصَحَّحَهُ الْحَاكِمُ، وَعَلَقَ الشَّافِعِيُّ الْقَوْلَ بِهِ عَلَى ثُبُوتِهِ

حسن. رواه أبو داود (1575)، والنسائي (5 / 15 - 17 و 25)، وأحمد (2 / 4)، وصححه الحاكم (1 / 398) قلت: وأما تعليق الشافعي القول به على صحته، فقد رواه البيهقي في «السنن الكبرى» وذلك لرأيه في بهز، ولكن لا عبرة بذلك مع توثيق ابن معين، وابن المديني، والنسائي لبهز، وهم أئمة هذا الشأن. وأما ابن حبان فقد هول في كلامه عنه فقال في «المجرورين» (1 / 194): «كان يخطئ كثيرا، فاما احمد بن حنبل وإسحاق بن إبراهيم رحمهما الله فهما يحتاجان به، ويرويان عنه، وتركه جماعة من أئمتنا، ولو لا حديث: «إنا أخذوه وشطر إبله عزمه من عزمات ربنا» لأدخلناه في «الثقات» وهو من استخير الله عز وجل فيه». وقد تعقب الذهبي - كعادته - ابن حبان، فقال في: «التاريخ» (9 / 80 - 81): «قلت: على أبي حاتم البستي في قوله هذا مؤاخذات، إدحاتها: قوله: كان يخطئ كثيرا. وإنما يعرف خطأ الرجل بمخالفة رفاقه له، وهذا فانفرد بالنسخة المذكورة، وما شاركه فيها ولا له في عامتها رفيق، فمن أين

لَكَ أَنْهُ أَخْطَأُ؟! الثَّانِي: قَوْلُكَ: تَرَكَهُ جَمَاعَهُ، فَمَا عَلِمْتَ أَحَدًا تَرَكَهُ أَبَدًا، بَلْ قَدْ يَتَرَكُونَ الْاحْجَاجَ بِخَبْرِهِ، فَهَلَا أَفْصَحَتْ بِالْحَقِّ؟! الثَّالِثُ: وَلَوْلَا حَدِيثٌ: «إِنَا أَخْذُوهَا ...» فَهُوَ حَدِيثٌ أَنْفَرَدَ بِهِ أَصْلًا وَرَأْسًا، وَقَالَ بَعْضُ الْمُجْتَهِدِينَ ... وَحَدِيثُهُ قَرِيبٌ مِنَ الصَّحَّةِ

বাংলা

৬০৫. বাহ্য ইবনু হাকীম তাঁর পিতার মাধ্যমে তাঁর দাদা হতে বর্ণনা করেন, তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, মাঠে প্রতিপালিত প্রতি ৪০টি উটের জন্য একটি দু' বছরের উটনী (বিনতু লাবুন)। যাকাতের হিসাবের সময় কোন উট পথক করা যাবে না। যে ব্যক্তি সওয়াবের আশায় যাকাত দিবে তার জন্য রয়েছে নেকী। আর যে অস্বীকৃতি জানাবে তার নিকট হতে আমরা অবশ্যই তা আদায় করে নেব। এবং তার সম্পদের একটি বিশেষ অংশও নিব যা আমাদের প্রতিপালকের সম্পদ বলে পরিগণিত। মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বংশধরের জন্য সে সম্পদ হতে বিন্দুমাত্রও হালাল করা হয়নি। আহমাদ, আবু দাউদ ও নাসায়ী। হাকিম একে সহীহ বলেছেন। শাফিউদ্দিন (রহঃ) বিষয়টিকে প্রামাণিকতা ভিত্তিতে তার পক্ষাবলম্বন করবেন বলে বলেছেন। [1]

English

Bahz bin Hakam narrated on the authority of his father, who reported on the authority of his grandfather (RAA) that the Messenger of Allah (ﷺ) said: “For every forty camels, one ‘bint labun’ (a young female camel which is two years old and already starting the third year), is due as Zakah. No camel is to be separated from the rest of the camels (i.e. the jointly owned live stock as mentioned above). Whoever gives it willingly, seeking his reward from Allah, will be rewarded. (However) if someone refrains from paying it, it will be taken from him (by force) along with part of his property (as punishment), for it is a right of Allah. None of it is lawful for the family of Muhammad = (ﷺ).” Related by Ahmad, An-Nasa’i, Abu Dawud and Al-Hakim rendered it Sahih.

ফুটনোট

[1] আবু দাউদ ১৫৭৫, নাসায়ী ২৪৪৮, ২৪৪৯, দারেমী ১৬৭৭।

আবু দাউদ সুনানু আবী দাউদে (১৫৭৫) সাকাতা আনহু বলেছেন, এবং তিনি বলেন প্রত্যেক সাকাতু আনহু সহীহ। ইবনু হাযাম মুহাম্মদ (৬/৫৭) গ্রন্থে সহীহ নয় বলেছেন। আল খাতীবুল বাগদাদী তার খুল বাগদাদ ৯/৪৫৪) গ্রন্থে

তাতে আবুল্লাহ ইবনু হায়ির রয়েছেন, দারাকুতনী বলেন, শক্তিশালী নয়। যাহাবী তানকীত তাহকীক (১/৩৫৭) গ্রন্থে বাহায নামক রাবীকে মুনকার করেছেন। আল আইনী উমদাতুল কারী (৯/১৯) গ্রন্থে তার সানাদ সহীহ বলেছেন। শাওকানী নাইলুল আওতার (৪/১৭৯) গ্রন্থে তাতে বাহায নামে একজন রাবী আছে, তার মধ্যে ইখতিলাফ রয়েছে। আহমাদ শাকির মুহাল্লা (৬/৫৭) গ্রন্থে বলেন, তাতে বাহায ইবনু হাকীম রয়েছে, তার পিতা হতে বর্ণনা করেছেন, ইবনু হাযাম বলেন, বাহায ইবনু হাকীম আদালাতের ক্ষেত্রে মাশকুর নয় এবং তার পিতা হাকীম অনুরূপ, (আমি বলছি)। বরং বাহয ও তার পিতা সিকাহ। আলবানী নাকদুন নুসূস (৫৯) গ্রন্থে বলেছেন তার সানাদ হাসান। আলবানী সহীহ আল জামি' (৪২৬৫) গ্রন্থে হাসান বলেছেন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ বাহয ইবনু হাকীম (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=70416>

�� হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন